দৈনিক ইনকিলাব

JAN. 02 2002

তারিখ ...
পৃষ্ঠা ১ কলাম ৬

## ৪৬ সদস্যের উচ্চ পর্যায়ের বিশেষজ্ঞ কমিটি গঠিত

# শিক্ষাক্ষেত্রে সংস্কার কার্যক্রম অবিলম্বে শুরুর জন্য বড় রকম পদক্ষেপ

**ইনকিলাব রিপোর্ট :** শিক্ষাক্ষেত্রে ব্যাপক সংস্কার কার্যক্রম অবিলম্বে শুরু করার জন্য বড় রকমের পদক্ষেপ গ্রহণ করা হয়েছে। এ পদক্ষেপ সফল হলে দেশের শিক্ষাক্ষেত্রের সামগ্রিক পরিবেশ উন্নত হবে, শিক্ষার মানোন্নয়ন ও প্রসারে যোগ হবে নতুন মাত্রা। ইতোমধ্যেই সমগ্র দেশের শিক্ষাক্ষেত্রে বাস্তবায়নযোগ্য সংস্কার কার্যক্রম চিহ্নিত করার কাজ শুরু হয়েছে। এই 'চিহ্নিত' করার কাজের জন্য রাজশাহী বিশ্ববিদ্যালয় এবং জাতীয় বিশ্ববিদ্যালয়ের সাবেক ভিসি ডঃ এম এ বারীকে সভাপতি করে সর্বমোট ৪৬ সদস্যের একটি উচ্চ পর্যায়ের বিশেষজ্ঞ কমিটি গঠন করা হয়েছে। গত নভেম্বর মাসে অনুষ্ঠিত মন্ত্রিপরিষদ বৈঠকের সিদ্ধান্ত অনুসারে এই কমিটি গঠন করা হয়।

এই কমিটি শিক্ষাক্ষেত্রে 'অবিলম্বে' বাস্তবায়নযোগ্য সংস্কার চিহ্নিত করবে এবং সেগুলো সুপারিশ আকারে এ মাসের ২৫ তারিখের মধ্যে সরকারের কাছে পেশ করবে।

গুরুত্বপূর্ণ এই বিশেষজ্ঞ কমিটিতে অন্যান্য সদস্যগণ হলেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের সাবেক ভিসি প্রফেসর এমাজউদ্দীন আহমদ, শিক্ষা মন্ত্রণালয়ের সচিব, প্রাথমিক ও গণশিক্ষা বিভাগের সচিব, সাবেক সচিব ডঃ শেখ মাকসুদ আলী, মোঃ ইরশাদুল হক, পিএসসির সাবেক চেয়ারম্যান প্রফেসর ফয়েজ আহমেদ, রাজশাহী বিশ্ববিদ্যালয়ের সাবেক ভিসি প্রফেসর ইউসুফ আলী, ঢাকা, রাজশাহী, সিলেট শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি, জাহাঙ্গীরনগর, খুলনা, কৃষি, প্রকৌশল, চট্টগ্রাম, উন্মুক্ত, জাতীয় ইসলামী, শেখ মুজিবুর রহমান কৃষি, শেরে বাংলা কৃষি বিশ্ববিদ্যালয়সমূহের ভিসিগণ, ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রাক্তন প্রোভিসি প্রফেসর ওয়াকিল

৫-এর পৃঃ ৮-এর কঃ দেখুন

### শিক্ষা ক্ষেত্রে

প্রথম পৃষ্ঠার পর

আহমেদ, উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের প্রাক্তন ভিসি ডঃ শমসের আলী, বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের সাবেক ভিসি প্রফেসর শাহ মোঃ ফারুক, দারুল ইহসানের ভিসি প্রফেসর এম এ হামিদ, ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রোভিসি প্রফেসর তাহমিনা, আরবী বিভাগের প্রফেসর ডঃ মোস্তাফিজুর রহমান, প্রফেসর চৌধুরী মাহমুদ হাসান, জাহাঙ্গীরনগরের প্রফেসর মোস্তাফিজুর রহমান, ঢাকার প্রফেসর রাবেয়া আখতার বানু, প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের সাবেক ডিজি আতিক আহমেদ চৌধুরী, শিক্ষাবিদ বেগম আসমা আব্বাসী, [illegible] প্রিন্সিপাল মিসেস ইয়াসমীন মোরশেদ, বিআইআইটির ভাইস চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা অধিদপ্তরের সাবেক ডিজি, মহাপরিচালক প্রাথমিক শিক্ষা, কারিগরি শিক্ষা অধিদপ্তর, প্রফেসর শরিফ হোসেন সহ শিক্ষক-কর্মচারী ঐক্য পরিষদ সভাপতি এম শরিফুল ইসলাম, সানবীমের শিক্ষক ডঃ মাহবুবুল হক, সরকারী মাধ্যমিক শিক্ষক সমিতির সভাপতি মোঃ নজরুল ইসলাম, মাদ্রাসা শিক্ষক সমিতির সভাপতি মাওলানা এম এ লতিফ, শিক্ষক সমিতির সাধারণ সম্পাদক মোহাম্মদ সেলিম ভূঁইয়া, মণিপুর হাই স্কুলের প্রধান শিক্ষক সরদার আলী, সোহরাওয়ার্দী কলেজ খুলনার প্রিন্সিপাল প্রফেসর মাহতাবুল হারুন এবং শিক্ষা মন্ত্রণালয়ের উপসচিব মোঃ আবদুল ওয়াহাব। কমিটি প্রয়োজনে আরও সদস্য কো-